ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৯৫১

তেলিয়ামুড়া, ১৯ আগস্ট,২০২৪

# তেলিয়ামুড়ায় মহারাজা বীর বিক্রম কিশোর মাণিক্য বাহাদুরের ১১৬তম জন্মজয়ন্তী উদযাপিত

খোয়াই জেলাভিত্তিক মহারাজা বীর বিক্রম কিশোর মাণিক্য বাহাদুরের ১১৬তম জন্মজয়ন্তী আজ তেলিয়ামুড়ার চিত্রাঙ্গদা কলাকেন্দ্রে উদযাপিত হয়। অনুষ্ঠানের অঙ্গ হিসেবে ৪টি বিভাগে বসে আঁকো প্রতিযোগিতা, ক্যুইজ প্রতিযোগিতাও অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে অতিথি হিসেবে ছিলেন তেলিয়ামুড়া পুরপরিষদের চেয়ারপার্সন রূপক সরকার, তেলিয়ামুড়া পুরপরিষদের সংস্কৃতি ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি অচিন্ত্য ভট্টাচার্য, ডিসিএম বিশ্বজিৎ মজুমদার, মুঙ্গিয়াকামি ব্লকের বিদ্যালয় পরিদর্শক অশেষ দেববর্মা, জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক বিশ্বজিৎ বণিক প্রমুখ।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে পুরপরিষদের চেয়ারপার্সন রূপক সরকার বলেন, মহারাজা বীর বিক্রম কিশোর মাণিক্য তাঁর দূরদর্শী চিন্তাধারার মাধ্যমে রাজ্যে শিক্ষা, স্বাস্থ্য, যোগাযোগ ও সংস্কৃতি ইত্যাদি ক্ষেত্রে প্রভূত উন্নতি সাধন করেছিলেন। তিনি ছিলেন আধুনিক ত্রিপুরার রূপকার। মহারাজার জীবন দর্শন ও চিন্তাধারাকে নব প্রজন্মের কাছে আরও বেশি করে ছড়িয়ে দিতে হবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন তেলিয়ামুড়া পুরপরিষদের ভাইস চেয়ারপার্সন মধুসূদন রায়। অনুষ্ঠানে উদ্বোধনী সংগীত ও জনজাতি নৃত্য পরিবেশন করেন তেলিয়ামুড়া কালচারেল সেল এবং তুইমধু উচ্চ বিদ্যালয়ের শিল্পী ও ছাত্রছাত্রীবৃন্দ। অনুষ্ঠানে মহারাজা বীর বিক্রম কিশোর মাণিক্যের জীবনী নিয়ে একটি তথ্যচিত্র প্রদর্শিত হয়।

উল্লেখ্য, বসে আঁকো প্রতিযোগিতায় ৩৩৫ জন ছাত্রছাত্রী এবং ক্যুইজ প্রতিযোগিতায় ১২টি বিদ্যালয় অংশগ্রহণ করেছে। ক্যুইজ প্রতিযোগিতায় প্রথম স্থান বিবেকানন্দ দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, দ্বিতীয় স্থান তেলিয়ামুড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, তৃতীয় স্থান কবি নজরুল বিদ্যাভবন দ্বাদশ শ্রেণী বিদ্যালয় অর্জন করে। অনুষ্ঠানে অতিথিগণ বসে আঁকো ও ক্যুইজ প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার ও শংসাপত্র তুলে দেন। এছাড়াও অংশগ্রহণকারী সকল ছাত্রছাত্রীদেরকে শংসাপত্র দেওয়া হয়।

*****